



বার্ষিক প্রতিবেদন  
২০২২-২০২৩

ভূমি সংস্কার বোর্ড  
ভূমি মন্ত্রণালয়


বার্ষিক প্রতিবেদন  
২০২২-২০২৩

ভূমি সংস্কার বোর্ড  
ভূমি মন্ত্রণালয়  
ভূমি ভবন (লেভেল ২ ও ৩)  
৯৮, শহিদ তাজউদ্দিন আহমদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর  
অম্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদ্‌যাপন



“ সরকারি কর্মচারী  
ভাইয়েরা আপনাদের  
জনগণের সেবায় নিজেদের  
উৎসর্গ করতে হবে এবং জাতীয়  
স্বার্থকে সব কিছুর উপরে  
স্থান দিতে হবে। ”



জাতির পিতা বঙ্গবন্ধু  
শেখ মুজিবুর রহমান

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



## বার্ষিক প্রতিবেদন-২০২২-২০২৩

ভূমি সংস্কার বোর্ড, ভূমি মন্ত্রণালয়

প্রধান উপদেষ্টা

সাইফুজ্জামান চৌধুরী এমপি  
মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধানে

মোঃ আবু বকর হিদ্দীক  
চেয়ারম্যান (সিনিয়র সচিব), ভূমি সংস্কার বোর্ড

পরিকল্পনা, গ্রন্থনা ও সম্পাদনা:

শাখা-১ (প্রশাসন), ভূমি সংস্কার বোর্ড

সহযোগিতায় :

ভূমি সংস্কার বোর্ড এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

প্রকাশকাল : অক্টোবর, ২০২৩

প্রচ্ছদ:

মুদ্রণ: সরকারি মুদ্রণালয়, ঢাকা

**প্রকাশনায়**

ভূমি সংস্কার বোর্ড

ভূমি ভবন (লেভেল ২ ও ৩)

৯৮, শহিদ তাজউদ্দিন আহমদ সরণি

তেজগাঁও, ঢাকা-১২০৮

[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)

ফোন: ০২- ৮১৭০১৪৩, ০২-৮১৭০১৫২

ইমেইল: [chairman@lrb.gov.bd](mailto:chairman@lrb.gov.bd),

[alrc1@lrb.gov.bd](mailto:alrc1@lrb.gov.bd)

ভূমি সংস্কার বোর্ড কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

# সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
অধ্যায়-১	
১.১ ভূমি সংস্কার বোর্ডের পটভূমি.....	১
১.২ ভূমি সংস্কার বোর্ড আইন, ১৯৮৯.....	১
১.৩ ভূমি সংস্কার বোর্ড বিধিমালা, ২০০৫.....	২
অধ্যায়-২	
২.১ ভূমি সংস্কার বোর্ডের সাংগঠনিক কাঠামো ও জনবল সংক্রান্ত তথ্য.....	৩
২.২ ভূমি সংস্কার বোর্ডের অনুমোদিত জনবল.....	৩
২.৩ ভূমি সংস্কার বোর্ডের নতুন জনবল নিয়োগ.....	৪
২.৪ ভূমি সংস্কার বোর্ডের পদোন্নতি কার্যক্রম.....	৪
২.৫ মাঠ পর্যায়ের জনবলের তথ্য.....	৫
২.৬ ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণ ও শাখাসমূহের কার্যাবলি.....	৬
২.৭ ভূমি সংস্কার বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি.....	১০
২.৮ ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাদের বিবরণ.....	১৫
অধ্যায়-৩	
৩.১ ভূমি উন্নয়ন কর ও কর বহির্ভূত রাজস্ব আদায় কার্যক্রম.....	১৮
অধ্যায়-৪	
৪.১ ভূমি সংস্কার বোর্ড ও বিভাগীয় দপ্তরের বাজেট ও নিরীক্ষা প্রতিবেদন.....	৩২
অধ্যায়-৫	
৫.১ মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহের বাজেট ব্যবস্থাপনা.....	
অধ্যায়-৬	৩৯
৬.১ বাৎসরিক সম্পদ ও সেবা সংগ্রহ.....	৪১
অধ্যায়-৭	
৭.১ ভূমি সংস্কার বোর্ডের প্রকাশনাসমূহ.....	৪২
অধ্যায়-৮	
৮.১ মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম.....	৪৩
অধ্যায়-৯	
৯.১ অভিযোগ ব্যবস্থাপনা (GRS).....	৪৬
অধ্যায়-১০	
১০.১ তথ্য অধিকার বাস্তবায়নের জন্য গৃহীত ব্যবস্থা.....	৪৮
অধ্যায়-১১	
১১.১ মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন.....	৪৯
অধ্যায়-১২	
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন.....	৫০
অধ্যায়-১৩	
১৩.১ কোর্ট অব ওয়ার্ডসের এস্টেট ব্যবস্থাপনা.....	৫৪
অধ্যায়-১৪	
১৪.১: জনস্বার্থ বিষয়ক বিবিধ কার্যক্রম.....	৫৮
অধ্যায়-১৫	
১৫.১: বিভিন্ন কার্যক্রমের ফটো গ্যালারি:.....	৫৯

চার্ট ১.১ ভূমি সংস্কার বোর্ডের সাংগঠনিক কাঠামো.....	৩	
চার্ট ২.১: ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী.....	১৯	
চার্ট ২.২: ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী.....	২০	
চার্ট ২.৩: ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ+সংস্থার) দাবি ও আদায় বিবরণী.....	২০	
চার্ট ৩.১: ২০২২-২৩ অর্থবছরের রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তির বিবরণ.....	২১	
চার্ট ৪.১: ২০২২-২৩ সরকারী কোষাগারে জমা কর রাজস্ব ও কর বর্হিভূত রাজস্ব.....	২১	
টেবিল	বিষয়	পৃষ্ঠা
২.২: ভূমি সংস্কার বোর্ডের জনবল.....		৩
২.৫.১: বিভাগ ভিত্তিক উপজেলা/সার্কেল ভূমি অফিসের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল.....		৫
২.৫.২: ইউনিয়ন/পৌর/মহানগর ভূমি অফিসের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল.....		৫
২.৮: কর্মকর্তাদের বিবরণ.....		১৫
৩.১.১: ২০২২-২৩ অর্থবছরের সাধারণ ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণী.....		১৮
৩.১.২: ২০২২-২৩ অর্থবছরের সংস্থার ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণী.....		১৮
৩.১.৩: ২০২২-২৩ অর্থবছরের সাধারণ+ সংস্থার ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণী.....		১৮
৩.২: ২০২২-২৩ অর্থবছরের রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তি সংক্রান্ত তথ্য .....		১৮
৩.৩ সরকারী কোষাগারে জমা কর রাজস্ব ও কর বর্হিভূত রাজস্ব.....		১৯
৩.৪: বিভাগ ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী .....		২২
৩.৫: বিভাগ ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থা) দাবি ও আদায় বিবরণী .....		২২
৩.৬: বিভাগ ভিত্তিক ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণী.....		২২
৩.৭: জেলা ভিত্তিক (ঢাকা বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী .....		২৪
৩.৮: জেলা ভিত্তিক (ঢাকা বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী....		২৪
৩.৯: জেলা ভিত্তিক (চট্টগ্রাম বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী.....		২৫
৩.১০: জেলা ভিত্তিক (চট্টগ্রাম বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী .....		২৫
৩.১১: জেলা ভিত্তিক (রাজশাহী বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী....		২৬
৩.১২: জেলা ভিত্তিক (রাজশাহী বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী.....		২৬
৩.১৩: জেলা ভিত্তিক (খুলনা বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী.....		২৭
৩.১৪: জেলা ভিত্তিক (খুলনা বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী .....		২৭
৩.১৫: জেলা ভিত্তিক (রংপুর বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী.....		২৮
৩.১৬: জেলা ভিত্তিক (রংপুর বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী.....		২৮
৩.১৭: জেলা ভিত্তিক (বরিশাল বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী.....		২৯
৩.১৮: জেলা ভিত্তিক (বরিশাল বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী.....		২৯
৩.১৯: জেলা ভিত্তিক (সিলেট বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী.....		৩০
৩.২০: জেলা ভিত্তিক (সিলেট বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী.....		৩০
৩.২১: জেলা ভিত্তিক (ময়মনসিংহ বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ) দাবি ও আদায় বিবরণী...		৩১
৩.২২: জেলা ভিত্তিক (ময়মনসিংহ বিভাগ) ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সংস্থার) দাবি ও আদায় বিবরণী...		৩১
৮.২: কর্মশালার বিবরণ .....		৪৩
৮.৩: কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের বিবরণ.....		৪৩
৯.৪: GRS নিষ্পত্তির তথ্য .....		৪৭
১১.২: মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহের পরিদর্শনের বিবরণ.....		৪৯
১২.২: ভূমি সংস্কার বোর্ডের এপিএর লক্ষ্যমাত্রা ও অর্জন প্রতিবেদন.....		৫১

ছবি	বিষয়	পৃষ্ঠা
ছবি ১৫.১:	১৫ আগস্ট ২০২২, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন.....	৫৯
ছবি ১৫.২:	১৫ আগস্ট ২০২২, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন .....	৫৯
ছবি ১৫.৩:	১৮ অক্টোবর ২০২২, শহীদ শেখ রাসেলের ৫৯তম জন্মদিন ও শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন.....	৬০
ছবি ১৫.৪:	১৮ অক্টোবর ২০২২, শহীদ শেখ রাসেলের ৫৯তম জন্মদিন ও শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন.....	৬০
ছবি ১৫.৫:	২১ নভেম্বর ২০২২, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক কর্মশালা আয়োজন.....	৬১
ছবি ১৫.৬:	২২ নভেম্বর ২০২২, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন.....	৬১
ছবি ১৫.৭:	৩১ জুলাই ২০২২, বার্ষিক শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রদান অনুষ্ঠান.....	৬২
ছবি ১৫.৮:	৩১ জুলাই ২০২২, বার্ষিক শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ প্রদান অনুষ্ঠান .....	৬২
ছবি ১৫.৯:	২১ শে ফেব্রুয়ারি ২০২৩, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন.....	৬৩
ছবি ১৫.১০:	২১ শে ফেব্রুয়ারি ২০২৩, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন.....	৬৩
ছবি ১৫.১১:	০৭ মার্চ ২০২৩, ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন.....	৬৪
ছবি ১৫.১২:	০৭ মার্চ ২০২৩, ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন.....	৬৪
ছবি ১৫.১৩:	১৭ মার্চ ২০২৩, জাতির পিতার জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন .....	৬৫
ছবি ১৫.১৪:	১৭ মার্চ ২০২৩, জাতির পিতার জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন .....	৬৫
ছবি ১৫.১৫:	৩০ জুন ২০২২, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড মহোদয় এবং সচিব, ভূমি মন্ত্রণালয় মহোদয়ের সাথে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত.....	৬৬
ছবি ১৫.১৬:	২৩ জুন ২০২২, অতিঃ জেলাপ্রশাসক (রাজস্ব)গণের সাথে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর.....	৬৬
ছবি ১৫.১৭:	ভূমি ভবন , তেজগাঁও, ঢাকা.....	৬৭

## মুখবন্ধ

মাঠ পর্যায়ে ভূমি প্রশাসন ও ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম নিবিড়ভাবে তদারকির লক্ষ্যে ১৯৮৯ সালে ভূমি সংস্কার বোর্ড গঠিত হয়। ২০৪১ সালের মধ্যে আমরা উন্নত হতে চাই, এ জন্য অন্যান্য খাতের মতো ভূমি খাতেও ব্যাপক সংস্কার ও উন্নয়ন প্রয়োজন। এ লক্ষ্যকে সামনে রেখে ভূমি সংস্কার বোর্ড কাজ করছে।

ভূমি খাত একটি সেবা খাত। জনগণের আকাঙ্ক্ষা ও চাহিদা পূরণ, কম সময়ে কম খরচে সেবা প্রদান, দুর্নীতি ও হয়রানি রোধ করা আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ উত্তরণের জন্য একাধিক উদ্যোগ সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। এর অন্যতম হলো ই-নামজারি এবং অনলাইনে ভূমি উন্নয়ন করার দাবি নির্ধারণ ও অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ।

বাংলাদেশে অল্প জায়গায় অনেক লোকের বাস, সে কারণে ভূমির উপর চাপ অত্যন্ত বেশি। মানুষের আহার জোগানো, বসতি স্থাপন, শিল্প-কলকারখানা, হাট-বাজার, রাস্তা-ঘাট সব কিছুর জন্যই পর্যাপ্ত জমির প্রয়োজন। সরকারি খাস জমির সঠিক বিলি বন্দোবস্ত ও ব্যবস্থাপনা, ব্যক্তি মালিকানাধীন জমির রেকর্ড ও দখলস্বত্ব হালনাগাদ ও নির্বিঘ্ন করা আমাদের অন্যতম দায়িত্ব। আমাদের দেশে মামলা-মোকাদ্দমার অধিকাংশই ভূমি সংক্রান্ত জটিলতা বা বিরোধ থেকে উৎপত্তি হয়। সঠিক ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে এ সব মামলা-মোকাদ্দমার সংখ্যা কমানো যায়।

ভূমি সংস্কার বোর্ডের অন্যতম প্রধান কাজ হলো মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহের বাজেট ব্যবস্থাপনাসহ আর্থিক শৃঙ্খলা নিয়ন্ত্রণ। এ ছাড়াও ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণ ও এর আওতাধীন ০৮ (আট)টি বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ নিয়মিত মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন করেন। এই পরিদর্শনের মাধ্যমে মাঠ পর্যায়ে ভূমি সেবা প্রদানে গতিশীলতা আনয়নসহ জনসাধারণের অভিযোগ নিষ্পত্তি ও জবাবদিহিতা নিশ্চিত কল্পে ভূমি সংস্কার বোর্ড কাজ করে যাচ্ছে।

মাঠ পর্যায়ে ভূমি প্রশাসনকে প্রয়োজনীয় জনবল, অবকাঠামো ও আইটি সামগ্রী প্রদানের মাধ্যমে আধুনিকায়ন করা হয়েছে। বিশেষত: মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহের আর্থিক ও বাজেট ব্যবস্থাপনা দ্রুত সম্পাদনের জন্য LIMS চালু করা হয়েছে, সেবাকে অটোমেশনের মাধ্যমে স্মার্ট করা হয়েছে। এতে করে মাঠ পর্যায়ে সক্ষমতা বেড়েছে। জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা গড়ে তোলার জন্য কর্মকর্তা-কর্মচারীগণকে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ ও নীতি নৈতিকতা উন্নয়নে উদ্বুদ্ধ করা হচ্ছে। এর সুফল সারাদেশের মানুষ পাচ্ছে।

ভূমি সংস্কার বোর্ডের ২০২২-২৩ অর্থবছরের উপরে বর্ণিত কার্যক্রম জনসাধারণকে অবহিত করার লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবারও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হলো। এ প্রতিবেদনের মাধ্যমে নাগরিকগণ ভূমি সংস্কার বোর্ডের দায়িত্ব, কার্যপরিধি ও অবদান সম্পর্কে সম্যক অবহিত হতে পারবেন। এ প্রতিবেদন প্রকাশের সাথে সম্পৃক্ত সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

(মোঃ আবু বকর ছিদ্দীক)

চেয়ারম্যান

ভূমি সংস্কার বোর্ড

ও

সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অধ্যায়-১

### ১.১ ভূমি সংস্কার বোর্ডের পটভূমি :

মুঘল আমলে সর্বপ্রথম এ দেশে জমিদারি প্রথার প্রচলন ঘটলেও জমির প্রকৃত মালিক ছিলেন কৃষক প্রজাগণ। জমিদার শুধুমাত্র খাজনা আদায়ের অধিকারী ছিলেন। পলাশীর আত্মকাননে যুদ্ধে পরাজয়ের পর এ দেশের কর্তৃত্ব চলে যায় ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাছে। বার্ষিক ছাশিশ লাখ টাকা করের বিনিময়ে ১৭৬৫ সালে মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের নিকট হতে ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করে। পরবর্তীতে ইস্ট ইন্ডিয়া কোম্পানি কর্তৃক ১৭৭২ সনে রাজস্ব প্রশাসন পরিচালনার জন্য স্থায়ী কেন্দ্রীয় সংস্থা হিসেবে প্রতিষ্ঠিত হয় 'বোর্ড অব রেভিনিউ'। এ সময়ে কমিশনার, কালেক্টর পদ সৃষ্টি এবং রাজস্ব বোর্ড গঠনের মাধ্যমে ভূমি ব্যবস্থাপনার প্রশাসনিক কাঠামোকে দৃঢ় করার পদক্ষেপ নেয়া হয়।

স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সনে 'বোর্ড অব রেভিনিউ' বিলুপ্ত হলে বোর্ডের সকল দায়িত্ব তৎকালীন ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত হয়। মাঠ পর্যায়ের রাজস্ব অফিসসমূহ তদারকি ও পরিদর্শনের দায়িত্ব ভূমি মন্ত্রণালয়ের অনুবিভাগ 'ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের' অধীন একজন ভূমি সংস্কার কমিশনার (যুগ্মসচিব) এবং চার বিভাগের জন্য চার জন উপ-ভূমি সংস্কার কমিশনারকে (উপসচিব) ন্যস্ত করা হয়।

মাঠ পর্যায়ে ভূমি প্রশাসন পরিচালনা, আপীল নিষ্পত্তি ইত্যাদি অতিরিক্ত দায়িত্ব ভূমি মন্ত্রণালয়ের উপর ন্যস্ত করা হলে তা নীতি নির্ধারণীর মূল দায়িত্বের সাথে অতিরিক্ত চাপের সৃষ্টি করে। ফলে পূর্বের 'বোর্ড অব রেভিনিউ' এর মত একটি বোর্ড গঠনের প্রয়োজনীয়তা দেখা দেয়। পরবর্তীতে বিষয়টি জাতীয় সংসদে উত্থাপিত হলে ভূমি প্রশাসন বোর্ড আইন, ১৯৮০ পাশ হয়। ১৯৮২ সালের শেষদিকে ভূমি প্রশাসন বোর্ড এর কার্যক্রম শুরু হয়।

সরকারের ভূমি সংস্কার অভিযান জোরদার হওয়ার পরিপ্রেক্ষিতে জাতীয় ভূমি সংস্কার কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী ১৯৮৯ সনে ভূমি সংস্কার বোর্ড গঠিত হয়। ভূমি মন্ত্রণালয়ের অনুবিভাগ 'ভূমি সংস্কার কমিশনার কার্যালয়' অবলুপ্ত করা হয় এবং এর জনবল ভূমি সংস্কার বোর্ডে ন্যস্ত করা হয়। অপর দিকে একই বছর ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ প্রণয়নের মাধ্যমে ভূমি প্রশাসন বোর্ড অবলুপ্ত হয় এবং ভূমি আপীল বোর্ড প্রতিষ্ঠিত হয়। ভূমি সংস্কার বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২৩নং আইন), ভূমি সংস্কার বোর্ড বিধিমালা, ২০০৫, প্রাসঙ্গিক সরকারি বিধিবিধান, পরিপত্র ও সরকারি আদেশ অনুযায়ী ভূমি সংস্কার বোর্ড পরিচালিত হচ্ছে।

### ১.২ ভূমি সংস্কার বোর্ড আইন, ১৯৮৯:

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৭ই জ্যৈষ্ঠ, ১৩৯৬/ ৩১শে মে, ১৯৮৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইন ৩১শে মে, ১৯৮৯ (১৭ই জ্যৈষ্ঠ, ১৩৯৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইন সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ-

১৯৮৯ সনের ২৩ নং আইন

ভূমি সংস্কার বোর্ড গঠনের জন্য বিধান করার উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ভূমি সংস্কার কর্মসূচী বাস্তবায়ন এবং সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনা নিশ্চিত করার উদ্দেশ্যে ভূমি সংস্কার বোর্ড গঠনের জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়:

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

১. সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তনঃ- (১) এই আইন ভূমি সংস্কার বোর্ড আইন, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২রা চৈত্র, ১৩৯৫ মোতাবেক ১৬ই মার্চ, ১৯৮৯ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২. সংজ্ঞাঃ- এই আইনে বোর্ড বলিতে ভূমি সংস্কার বোর্ডকে বুঝাইবে।

৩. আইনের প্রাধান্যঃ- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে বিপরীত যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদাধীন প্রণীত বিধির বিধানাবলি কার্যকর থাকিবে।

৪. ভূমি সংস্কার বোর্ড গঠনঃ- (১) এই আইন বলবৎ হইবার পর সরকার যথাশীঘ্র সম্ভব ভূমি সংস্কার বোর্ড নামে একটি বোর্ড গঠন করিবে।

(২) একজন চেয়ারম্যান এবং অনধিক দুইজন সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে।

(৩) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকরির শর্তাবলি সরকার কর্তৃক স্থিরকৃত হইবে।

৫. বোর্ডের কার্যাবলিঃ- বোর্ডের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) সরকার কর্তৃক অর্পিত ভূমি সংস্কার ও ভূমি ব্যবস্থাপনা সম্পর্কিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন;

(খ) কোন আইনের দ্বারা বা আইনের অধীন অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন।

৬. বিধি প্রণয়নের ক্ষমতাঃ- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

৭. রহিতকরণ ও হেফাজতঃ- (১) ভূমি সংস্কার বোর্ড অধ্যাদেশ ১৯৮৯ (অধ্যাদেশ নং ১, ১৯৮৯) এত দ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীনে কৃত বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## ১.৩ ভূমি সংস্কার বোর্ড বিধিমালা, ২০০৫ অনুসারে বোর্ডের দায়িত্ব ও কার্যপরিধি নিম্নরূপ :

- (ক) খাস জমি চিহ্নিতকরণ সংক্রান্ত জেলা ও উপজেলা পর্যায়ের কমিটির কর্মকান্ড পরিদর্শন, পরিবীক্ষণ ও তদারকি;
- (খ) বিভাগীয় পর্যায়ে ভূমি সংস্কার বোর্ডের নিয়ন্ত্রণাধীন উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের তত্ত্বাবধায়ন;
- (গ) জেলা হতে ইউনিয়ন ভূমি অফিস (তহশিল) পর্যায়ের সকল ভূমি অফিস পরিদর্শন, তত্ত্বাবধায়ন ও পরিবীক্ষণ;
- (ঘ) মন্ত্রণালয়ের নির্দেশক্রমে ভূমি ব্যবস্থাপনার মাঠ প্রশাসন সংক্রান্ত বিভিন্ন অভিযোগের তদন্ত;
- (ঙ) জেলা হতে ইউনিয়ন ভূমি অফিস (তহশিল) পর্যায়ের সকল ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত তদারকি;
- (চ) ভূমি রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ের দপ্তরসমূহের বাজেট প্রণয়ন ও ছাড়করণ;
- (ছ) ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ, ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং
- (জ) মন্ত্রণালয় ভিত্তিক বিভিন্ন সংস্থার বকেয়া দাবি নির্ধারণসহ আদায়ের পদক্ষেপ গ্রহণ;
- (ঝ) ভূমি উন্নয়ন কর আদায় সংক্রান্ত মাসিক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে প্রেরণ;
- (ঞ) কোর্ট অব ওয়ার্ডস এর আওতাধীন এস্টেটসমূহের ব্যবস্থাপনা ও তদারকি এবং মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

## ১.৪। ভূমি মন্ত্রণালয়ের ৫.৮.২০২১ খ্রি: তারিখের ১৫০ নং পরিপত্র অনুযায়ী ভূমি সংস্কার বোর্ডের দায়িত্ব ও কর্মপরিধি:

মাঠ পর্যায়ে ভূমি ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন এবং ভূমি সেবা ডিজিটাইজেশন কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড আইন, ১৯৮৯ এর ৫ (ক) অনুচ্ছেদের বিধানমতে ভূমি সংস্কার বোর্ডকে ইতঃপূর্বে অর্পিত দায়িত্বসমূহ হালনাগাদ করে নিম্ন বর্ণিত দায়িত্ব অর্পণ করা হয়েছে:

১. বিভাগীয় পর্যায়ে উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয় পরিদর্শন ও তত্ত্বাবধান;
২. জেলা হতে ইউনিয়ন পর্যন্ত ভূমি ব্যবস্থাপনার আওতায় সকল ভূমি অফিস ব্যবস্থাপনা, তত্ত্বাবধান, পরিদর্শন এবং পরিবীক্ষণ ;
৩. জেলা ও উপজেলা পর্যায়ে ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী যারা ভূমি মন্ত্রণালয়-কর্তৃক নিয়োগকৃত তাদের আন্তঃবিভাগ বদলি এবং অন্যান্য প্রশাসনিক কার্যক্রম (নিয়োগ ও পদোন্নতি ব্যতীত);
৪. সিলিং-বর্হিভূত জমি চিহ্নিতকরণ, সরকারের নিয়ন্ত্রণ আনয়ন ও বাজেয়াপ্তকরণ;
৫. কৃষি খাস জমি চিহ্নিতকরণ, নীতিমালা অনুযায়ী ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টন, ব্যবস্থাপনা ও বেদখলকৃত খাসজমি উদ্ধার;
৬. খাসপুকুর ও বেদখলকৃত খাস জলাশয় উদ্ধার ও ব্যবস্থাপনা;
৭. বর্গা-সংক্রান্ত বিধি-বিধান বাস্তবায়ন ;
৮. ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ, ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয়ভিত্তিক বিভিন্ন সংস্থার বকেয়া দাবি নির্ধারণ ও আদায়ের পদক্ষেপ গ্রহণ; ভূমি উন্নয়ন কর আদায়-সংক্রান্ত মাসিক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ;
৯. মন্ত্রণালয়ের নির্দেশ ও নিয়ন্ত্রণে অর্পিত/অনাবাসি ও পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনা ও তদারকি, সংশ্লিষ্ট কর্মচারীদের নিয়ন্ত্রণ, সামগ্রিক ব্যবস্থাপনা ও তদারকি এবং ষান্মাসিক/বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
১০. ভূমি ব্যবস্থাপনা-সংক্রান্ত উন্নয়ন কর্মসূচি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং মন্ত্রণালয়ে ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রেরণ;
১১. কোর্ট অব ওয়ার্ডস এর আওতাধীন এস্টেটসমূহের ব্যবস্থাপনা ও তদারকি এবং মন্ত্রণালয়ে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ;
১২. অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে মাঠ পর্যায়ের তদারকি এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
১৩. ভূমি সংস্কার বোর্ডের সকল নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারীদের বিভাগীয় মামলা, চাকরির আবেদন পুনর্বিবেচনা এবং সরকারি অর্থের অপচয় ও আত্মসাৎ-সম্পর্কিত বিষয়াদি নিষ্পত্তি এবং এ সংক্রান্ত ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
১৪. ভূমি সংস্কার বোর্ডের সকল সংস্থাপন ও হিসাব-সম্পর্কিত সাধারণ প্রশাসন;
১৫. ভূমি ব্যবস্থাপনায় মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে অভিযোগের তদন্তের ব্যাপারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
১৬. জেলা ও উপজেলা পর্যায়ের রেকর্ড রুম স্থাপন, তদারকি ও পরিদর্শন এবং এগুলোর সংরক্ষণ/মেরামত-সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ ;
১৭. উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসের বাজেট প্রণয়ন, ছাড়করণ ও ব্যয় নিয়ন্ত্রণ;
১৮. জলমহাল সংস্কারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসংলগ্ন কাছারির পুকুর সংস্কার;
১৯. আন্তঃবিভাগীয় বন্ধ জলমহালের ইজারা প্রদান ;
২০. ই-মিউটেশন সহ ভূমি সেবা অটোমেশনের সকল কার্যক্রমের মাঠ পর্যায়ের লজিস্টিক সাপোর্ট প্রদান ও তদারকি এবং ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাল সেল এর সাথে সমন্বয় সাধন;
২১. মাঠ পর্যায়ে সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট দেওয়ানি মামলাসমূহের তত্ত্বাবধান;
২২. অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রমের ব্যবস্থাপনা ও তদারকি;
২৩. সরকার কর্তৃক বিভিন্ন সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।


## ১.৫ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া :

ভূমি সংস্কার বোর্ড বিধিমালা, ২০০৫, ভূমি মন্ত্রণালয়ের ০৫.০৮.২০২১ খ্রি: তারিখের ১৫০ নং পরিপত্র, সরকারী নীতি, প্রচলিত আইন কানুন ও নির্দেশনাসমূহ অনুসরণপূর্বক সমন্বয় সভায় বা অন্য কোনো কমিটির সভায় গৃহীত মতামতের ভিত্তিতে ও প্রচলিত নথি ব্যবস্থাপনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সম্পন্ন হয়ে থাকে। গৃহীত সিদ্ধান্তের আলোকে পরবর্তীতে বোর্ড কর্তৃক প্রণীত 'কর্মকর্তাগণের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ-২০১০' অনুসরণে বোর্ডের সকল কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

## অধ্যায়-২

### ২.১ ভূমি সংস্কার বোর্ডের সাংগঠনিক কাঠামো ও জনবল সংক্রান্ত তথ্য :

চার্ট ১.১ সাংগঠনিক কাঠামো



\* (প্রঃ)= প্রশাসন, \* (ভূঃ ব্যঃ)= ভূমি ব্যবস্থাপনা, \* উভূসক= উপ-ভূমি সংস্কার কমিশনার,  
\* সভূসক= সহকারী ভূমি সংস্কার কমিশনার, \* হিরক= হিসাব রক্ষণ কর্মকর্তা

### ২.২: ভূমি সংস্কার বোর্ডের অনুমোদিত জনবল:

টেবিল ১.১: ভূমি সংস্কার বোর্ডের ও আওতাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়ের জনবলের বিবরণ:

শ্রেণি	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্য পদ
১ম শ্রেণীর কর্মকর্তা	২৪টি	১৪টি	১০টি
২য় শ্রেণীর কর্মকর্তা	০৯টি	৮টি	১ টি
৩য় শ্রেণীর কর্মচারী	৫০টি	৪৩টি	৭টি
৪র্থ শ্রেণী কর্মচারী	২৩টি	১৫টি	৮ টি
সর্বমোট	১০৬টি	৮০ টি	২৬ টি

## ২.৩: নতুন নিয়োগ:

২০২২-২৩ খ্রি. অর্থবছরে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক প্রচলিত বিধিবিধান অনুসরণপূর্বক শূন্যপদে জনবল নতুনভাবে নিয়োগ প্রদান করা হয়। প্রথমে শূন্যপদের বিবরণ উল্লেখ করে পদসমূহ পূরণের জন্য ভূমি মন্ত্রণালয়ের ছাড়পত্র চাওয়া হয়। মন্ত্রণালয় থেকে ছাড়পত্র পাওয়ার পর দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় ও ভূমি সংস্কার বোর্ডের নিজস্ব ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। সরকার নির্ধারিত বিভাগীয় নির্বাচন কমিটির সার্বিক তত্ত্বাবধানে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে স্বচ্ছ প্রক্রিয়ায় শূন্যপদের বিপরীতে যোগ্য প্রার্থীকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। অতঃপর চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ডের অনুমোদনক্রমে নিম্নে উল্লেখিত পদসমূহে নতুন নিয়োগ প্রদান করা হয়।

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	নতুন নিয়োগের সংখ্যা
১	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)	২
২	রেকর্ড কিপার (গ্রেড-১৬)	১
৩	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	১
৪	অফিস সহায়ক (গ্রেড-২০)	৩

## ২.৪: পদোন্নতি কার্যক্রম:

ভূমি সংস্কার বোর্ডে শূন্য পদের নিয়োগ ও পদোন্নতির জন্য সরকার গঠিত কমিটি কর্তৃক যাচাই বাছাই ও সুপারিশের আলোকে ২০২২-২৩ অর্থবছরে প্রচলিত বিধি বিধান অনুসরণপূর্বক পদোন্নতি প্রদান কার্যক্রম নিম্নরূপ :

ক্রমিক নং	পদোন্নতি পূর্ব পদ ও গ্রেড	পদোন্নতি প্রদত্ত পদ ও গ্রেড	সংখ্যা
১	রেকর্ড কিপার (গ্রেড-১৬)	উচ্চমান সহকারী (গ্রেড-১৩)	২
২	ক্যাশ সরকার (গ্রেড-১৭)	রেকর্ড কিপার (গ্রেড-১৬)	১
৩	ডেসপাস রাইডার (গ্রেড-১৭)	রেকর্ড কিপার (গ্রেড-১৬)	১

২.৫: ভূমি প্রশাসন ও ব্যবস্থাপনায় নিয়োজিত মাঠ পর্যায়ের জনবল।

টেবিল ১.২: বিভাগ ভিত্তিক উপজেলা/সার্কেল ভূমি অফিসের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল

ক্র. নং	বিভাগের নাম	জেলার সংখ্যা	উপজেলা/ সার্কেল ভূমি অফিসের সংখ্যা	উপজেলা/সার্কেল ভূমি অফিসের মোট পদের সংখ্যা	মঞ্জুরকৃত মোট পদের সংখ্যা	মোট কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
১	২	৩	৪	৫	৬ (৪X৫)	৭	৮
১	ঢাকা	১৩	১০৪	১৪	১৩১১	৯১৪	৩৯৭
২	চট্টগ্রাম	১১	১০১	১৪	১৪১৪	৯৭১	৪৪৩
৩	রাজশাহী	৮	৬৮	১৪	৯৫২	৭০৪	২৪৮
৪	খুলনা	১০	৬০	১৪	৮৪০	৬৩০	২১০
৫	বরিশাল	৬	৪২	১৪	৫৮৮	৩৮৭	২০১
৬	সিলেট	৪	৩৯	১৪	৫৪৬	৩৯১	১৫৫
৭	রংপুর	৮	৫৮	১৪	৮১২	৬৭২	১৪০
৮	ময়মনসিংহ	৪	৩৫	১৪	৬৩৫	৩৬৬	২৬৯
	৮টি	৬৪টি	৫০৭টি	১৪টি	৭০৯৮	৫০৩৫	২০৬৩

\* ১ X সহকারী কমিশনার (ভূমি), ১ X কানুনগো, ১ X সার্ভেয়ার, ১ X প্রধান সহকারী কাম-হিসাব রক্ষক, ১ X কম্পিউটার অপারেটর, ১ X নাজির-মাম-ক্যাশিয়ার, ১ X সার্টিফিকেট পেশকার, ১ X সার্টিফিকেট সহকারী, ২ X ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী, ২ X প্রসেস সার্ভার, ২ X অফিস সহায়ক, ২ X চেইনম্যান, ১ X নিরাপত্তা প্রহরি, ১ X পরিচ্ছন্ন কর্মী (কনটিনজেন্সি খাতভুক্ত)।

টেবিল ১.৩: ইউনিয়ন/পৌর/মহানগর ভূমি অফিসের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার সংখ্যা	ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা	প্রতিটি ইউনিয়ন ভূমি অফিসে মোট পদের সংখ্যা	মঞ্জুরকৃত মোট পদের সংখ্যা	মোট কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
১	২	৩	৪	৫	৬ (৪X৫)	৭	৮
১	ঢাকা	১৩	৭৫১	৪	২৬৬৭	২২১৮	৪৪৯
২	চট্টগ্রাম	১১	৫৬৫	৪	২২৬০	১৮০৭	৪৫৩
৩	রাজশাহী	৮	৪৫০	৪	১৮০০	১৫৯৪	২০৬
৪	খুলনা	১০	৪৫৯	৪	১৮৩৬	১৫১৩	৩২৩
৫	বরিশাল	৬	২৫৪	৪	১০১৬	৮৬৬	১৫০
৬	সিলেট	৪	১৫১	৪	৬০৪	৫৫০	৫৪
৭	রংপুর	৮	৪৯১	৪	১৯৬৪	১৪৩৬	৫২৮
৮	ময়মনসিংহ	৪	৩৩৬	৪	১৬৮১	১০৪৭	৬৩৪
	৮টি	৬৪টি	৩৪৫৭টি ইউনিয়ন ভূমি অফিস	৪টি শ্রেণীর পদ	১৩৮২৮	১১০৩১	২৭৯৭

\* ১ X ইউনিয়ন/পৌর/মহানগর ভূমি সহকারী কর্মকর্তা, ২ X ইউনিয়ন/পৌর/মহানগর ভূমি উপ-সহকারী কর্মকর্তা, ১ X প্রসেস সার্ভার, ১ X অফিস সহায়ক, ১ X পরিচ্ছন্ন কর্মী (কনটিনজেন্সি খাতভুক্ত)।

## ২.৬: ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণ ও শাখাসমূহের দায়িত্ব ও কার্যাবলি:

চেয়ারম্যানঃ দপ্তর প্রধান ও সার্বিক তত্ত্বাবধানের দায়িত্ব।

চেয়ারম্যানের অনুপস্থিতিতে ও ছুটিকালীন ভূমি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অতিরিক্ত সচিব বা বোর্ডে কর্মরত জ্যেষ্ঠ সদস্য ছুটিকালীন প্রতিভূ হিসেবে দায়িত্ব পালন করবেন।

### (১) সদস্য (প্রশাসন) এর দায়িত্ব ও কার্যাবলি:

- (ক) শাখা-১, শাখা-২, শাখা-৬, শাখা-৭ (হিসাব) ও আইটি সেল
- (খ) কোর্ট অব ওয়ার্ডসঃ ঢাকা নওয়াব এস্টেট
- (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয় পরিদর্শন ও তত্ত্বাবধান
- (ঘ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন

- সদস্য (প্রশাসন)এর ছুটিকালীন প্রতিভূ সদস্য (ভূমি ব্যবস্থাপনা)।

### (২) সদস্য (ভূমি ব্যবস্থাপনা) এর দায়িত্ব ও কার্যাবলি:

- (ক) শাখা-৩, শাখা- ৪ ও শাখা-৫
- (খ) কোর্ট অব ওয়ার্ডসঃ ভাওয়াল রাজ এস্টেট
- (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয় পরিদর্শন ও তত্ত্বাবধান
- (ঘ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন

- সদস্য (ভূমি ব্যবস্থাপনা) এর ছুটিকালীন প্রতিভূ সদস্য (প্রশাসন) ।

### (৩) উপ-ভূমি সংস্কার কমিশনার-১ এর দায়িত্ব ও কার্যাবলি:

- (ক) অধিশাখা-১ (শাখা-১, শাখা-৫ ও আইটি সেল)
- (খ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন

- উপ-ভূমি সংস্কার কমিশনার-১ এর ছুটিকালীন প্রতিভূ উপ-ভূমি সংস্কার কমিশনার-২ ।

### (৪) উপ-ভূমি সংস্কার কমিশনার-২ এর দায়িত্ব ও কার্যাবলি:

- (ক) অধিশাখা-২ (শাখা-২, শাখা-৬ ও শাখা-৭ (হিসাব))
- (খ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন

- উপ-ভূমি সংস্কার কমিশনার-২ এর ছুটিকালীন প্রতিভূ উপ-ভূমি সংস্কার কমিশনার-১ ।

### (৫) উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ এর দায়িত্ব ও কার্যাবলি:

- (ক) অধিশাখা-৩ (শাখা-৩ ও শাখা-৪)
- (খ) মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন

- উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ এর ছুটিকালীন প্রতিভূ উপ-ভূমি সংস্কার কমিশনার-১ ।

**(৬) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (শাখা-১: প্রশাসন) এর দায়িত্ব ও কার্যাবলি:**

- (ক) বোর্ডের অভ্যন্তরীণ কর্মকর্তা/কর্মচারী নিয়োগ/বদলি/প্রশাসনিক শৃঙ্খলামূলক বিষয়াদি এবং কর্মকর্তা ও কর্মচারীদের (গাড়িচালকদের দৈনন্দিন দায়িত্ব পালন, বদলি ব্যতীত) ব্যক্তিগত নথি সংরক্ষণ;
  - (খ) বোর্ডের কর্মকর্তা-কর্মচারীগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ;
  - (গ) সমন্বয় সভা, স্টাফ মিটিং, বিভাগীয় বাছাই/পদোন্নতি কমিটির সভা ও বিশেষ সভা আহ্বান, সভার কার্যবিবরণী তৈরি এবং এতদসংক্রান্ত বিষয়াদি;
  - (ঘ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ/বদলি/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড/ছুটি ও প্রশাসনিক শৃঙ্খলামূলক বিষয়াদি;
  - (ঙ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের ভ্রমণ বিল উপস্থাপন সংক্রান্ত কার্যক্রম;
  - (চ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন ও পরিবীক্ষণ;
  - (ছ) বোর্ডের মাসিক ও বার্ষিক বিবরণী তৈরি ও প্রেরণ;
  - (জ) তথ্য অধিকার আইন বা RTI সংক্রান্ত বিষয়াদি ব্যবস্থাপনা ও বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও বিতরণ, সিটিজেন চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
  - (ঝ) কোর্ট অব ওয়ার্ডস এর কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ সংযুক্তি সংক্রান্ত বিষয়াদি ও ব্যবস্থাপনা;
  - (ঞ) সকল প্রকার চিঠিপত্র গ্রহণ, প্রেরণ ও পরিবীক্ষণ;
  - (ট) ভূমি সংস্কার বোর্ডের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি- এ পি এ (APA) প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের এ পি এ বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও তদারকি;
  - (ঠ) মাঠ প্রশাসনের অফিসসমূহের অভিযোগ সম্পর্কিত ব্যবস্থাপনা (GRS) ;
  - (ড) জেলা ও উপজেলা পর্যায়ে ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী যারা ভূমি মন্ত্রণালয়-কর্তৃক নিয়োগকৃত তাদের আন্তঃবিভাগ বদলি এবং তাঁদের (নিয়োগ ও পদোন্নতি ব্যতীত) অন্যান্য প্রশাসনিক কার্যক্রম;
  - (ঢ) ভূমি সংস্কার বোর্ডের সকল নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারীদের বিভাগীয় মামলা, চাকরির আবেদন পুনর্বিবেচনা এবং সরকারি অর্থের অপচয় ও আত্মসাৎ সম্পর্কিত বিষয়াদি নিষ্পত্তি এবং এ সংক্রান্ত ষাণ্মাসিক ও বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
  - (ণ) ভূমি সংস্কার বোর্ডের সকল সংস্থাপন ও হিসাব-সম্পর্কিত সাধারণ প্রশাসন;
  - (ত) ভূমি ব্যবস্থাপনায় মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে অভিযোগের তদন্তের ব্যাপারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
  - (থ) জেলা হতে ইউনিয়ন পর্যন্ত ভূমি ব্যবস্থাপনার আওতায় সকল ভূমি অফিস ব্যবস্থাপনা, তত্ত্বাবধান, পরিদর্শন এবং পরিবীক্ষণ সংক্রান্ত বিষয়াবলী
  - (দ) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন;
- সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ এর ছুটিকালীন প্রতিভূ সহকারী ভূমি সংস্কার কমিশনার-২।

**(৭) সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ (শাখা-২: সাধারণ ও সেবা) এর দায়িত্ব ও কার্যাবলি:**

- (ক) বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
  - (খ) বোর্ডের সকল মালামাল ও সেবা ক্রয় এবং সরবরাহ (EGP সহ)
  - (গ) টেলিফোন, ফটোকপিয়ারসহ অফিস সরঞ্জামাদি, ইন্টারনেট ইত্যাদি সংরক্ষণ ও ব্যবস্থাপনা;
  - (ঘ) দাপ্তরিক সকল প্রকার যন্ত্রপাতি, আসবাবপত্র ক্রয় ও মেরামত ব্যবস্থাপনা এবং সকল কার্যাদেশ, মঞ্জুরি আদেশ ও বিল প্রদান;
  - (ঙ) যানবাহন ক্রয়, মেরামত ও ব্যবস্থাপনা;
  - (চ) বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের অফিস সংস্থান, দাপ্তরিক নিরাপত্তা ও বিবিধ বিষয়াদি;
  - (ছ) সাধারণ সমন্বয়, সভা ও বিভিন্ন অনুষ্ঠানের আপ্যায়ন ও প্রটোকল সংক্রান্ত কার্যাদি;
  - (জ) গাড়ি চালকদের দৈনন্দিন দায়িত্ব বন্টন, নৈমিত্তিক ছুটি ও অভ্যন্তরীণ বদলি;
  - (ঝ) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন;
- সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ এর ছুটিকালীন প্রতিভূ সহকারী ভূমি সংস্কার কমিশনার-১।

**(৮) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ (শাখা-৩: পরিকল্পনা ও উন্নয়ন) এর দায়িত্ব ও কার্যাবলি:**

- (ক) ভূমি ব্যবস্থাপনা-সংক্রান্ত উন্নয়ন কর্মসূচি প্রণয়ন ও মূল্যায়ন এবং মন্ত্রণালয়ে ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রেরণ;
  - (খ) ইনোভেশন ও সেবা সহজিকরণ বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
  - (গ) বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন (Action Plan) ;
  - (ঘ) ই-গভর্নেন্স, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ও নৈতিকতা সংক্রান্ত;
  - (ঙ) সকল অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণের কর্মতৎপরতা পরিবীক্ষণ;
  - (চ) বর্গা-সংক্রান্ত বিধি বিধান বাস্তবায়ন;
  - (ছ) সিলিং-বহির্ভূত জমি চিহ্নিতকরণ, সরকারের নিয়ন্ত্রণে আনয়ন ও বাজেয়াপ্তকরণ সংক্রান্ত কার্যক্রম তদারকিকরণ এবং বিভাগ/জেলা হতে তথ্য/উপাত্ত/প্রতিবেদন সংগ্রহ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
  - (জ) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মাঠ পর্যায়ের ভূমি অফিস সমূহ পরিদর্শন;
- সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ এর ছুটিকালীন প্রতিভূ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪।

**(৯) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ (শাখা-৪ : মাঠ পর্যায়ের বাজেট এবং অডিট) এর দায়িত্ব ও কার্যাবলি:**

- (ক) জেলা, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস কার্যালয়ে বাজেট প্রণয়ন, ছাড়করণ ও ব্যয় নিয়ন্ত্রণ;
  - (খ) জেলা হতে ইউনিয়ন ভূমি অফিস পর্যায়ে সকল অফিসের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে তদারকি এবং এ সংক্রান্ত মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
  - (গ) মাঠ প্রশাসনের জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন ও বাস্তবায়ন (EGP সহ)
  - (ঘ) মাঠ পর্যায়ের অফিসসমূহের প্রশিক্ষণ সংক্রান্ত বাজেট বরাদ্দ করা ও প্রশিক্ষণ তদারকি;
  - (ঙ) রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগের জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণের পরিদর্শন প্রতিবেদন পরিবীক্ষণ;
  - (চ) জেলা ও উপজেলা পর্যায়ের রেকর্ড রুম স্থাপন, তদারকি ও পরিদর্শন এবং এগুলোর সংরক্ষণ/মেরামত সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
  - (ছ) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন;
- সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ এর ছুটিকালীন প্রতিভূ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩।

**(১০) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ (শাখা-৫ :ভূমি উন্নয়ন কর) এর দায়িত্ব ও কার্যাবলি:**

- (ক) ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ, মন্ত্রণালয় ভিত্তিক বিভিন্ন সংস্থার বকেয়া দাবি নির্ধারণ ও আদায়ের পদক্ষেপ গ্রহণ, ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রম পরিবীক্ষণ ও ভূমি উন্নয়ন কর আদায় সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
  - (খ) অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রমের ব্যবস্থাপনা ও তদারকি;
  - (গ) নামজারি ও রেন্ট সার্টিফিকেট কেস, মিস কেস, দেওয়ানি মামলা নিষ্পত্তি বিষয়ক মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
  - (ঘ) বোর্ড ও মাঠ পর্যায়ের সরকারি স্বার্থ সংশ্লিষ্ট দেওয়ানি মামলাসমূহের তত্ত্বাবধান ও আইন সংক্রান্ত বিষয়াদি;
  - (ঙ) চট্টগ্রাম ও সিলেট বিভাগের জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণের পরিদর্শন প্রতিবেদন পরিবীক্ষণ;
  - (চ) কাউন্সিল অফিসার ও জাতীয় সংসদ সম্পর্কিত বিষয়াদি;
  - (ছ) মন্ত্রণালয়ের নির্দেশ ও নিয়ন্ত্রণে অর্পিত/অনাবাসি ও পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনা ও তদারকি, সংশ্লিষ্ট কর্মচারীদের নিয়ন্ত্রণ,সামগ্রিক ব্যবস্থাপনা ও তদারকি এবং ষান্মাসিক/বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
  - (জ) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন;
- সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ এর ছুটিকালীন প্রতিভূ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬।

**(১১) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬ (শাখা-৬ :খাস জমি, জলমহাল ও প্রশিক্ষণ) এর দায়িত্ব ও কার্যাবলি:**

- (ক) ই-মিউটেশনসহ ভূমিসেবা অটোমেশনের সকল কার্যক্রমের মাঠ পর্যায়ের লজিস্টিক সাপোর্ট প্রদান ও তদারকি এবং ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাল সেল এর সাথে সমন্বয় সাধন;
- (খ) ঢাকা, ময়মনসিংহ ও বরিশাল বিভাগের জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণের পরিদর্শন প্রতিবেদন পরিবীক্ষণ;
- (গ) বোর্ডের ও বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়সমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ;
- (ঘ) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন পরিবীক্ষণ;
- (ঙ) কৃষি খাস জমি চিহ্নিতকরণ, নীতিমালা অনুযায়ী ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টন, ব্যবস্থাপনা ও বেদখলকৃত খাসজমি উদ্ধার সংক্রান্ত কার্যক্রম। বিভাগ/জেলা পর্যায় হতে তথ্য/উপাত্ত/মাসিক প্রতিবেদন সংগ্রহ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
- (চ) খাস পুকুর ও বেদখলকৃত খাস জলাশয় উদ্ধার ও ব্যবস্থাপনা;
- (ছ) জলমহাল সংস্কারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন কাছারির পুকুর সংস্কার;
- (জ) আন্তঃবিভাগীয় বন্ধ জলমহালের ইজারা প্রদান;
- (ঝ) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মাঠ পর যায়ে ভূমি অফিসসমূহ পরিদর্শন;

- সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬ এর ছুটিকালীন প্রতিভূ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫।

**(১২) হিসাবরক্ষণ কর্মকর্তা (হিসাব শাখা, বোর্ডের বাজেট ও লাইব্রেরি) এর দায়িত্ব ও কার্যাবলি:**

- (ক) বোর্ড ও বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের বাজেট প্রণয়ন, ছাড়করণ ও ব্যয় ব্যবস্থাপনা;
- (খ) বোর্ড ও বিভাগীয় কার্যালয়ের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ;
- (গ) বোর্ডের কর্মকর্তাগণের ভ্রমন বিল উপস্থাপন
- (ঘ) সকল প্রকার বিল প্রস্তুতকরণ ও চেক/অর্থ প্রদান সংক্রান্ত বিষয়াদিসহ কর্মচারীদের চাকরি বহি প্রস্তুতকরণ ও সংরক্ষণ;
- (ঙ) লাইব্রেরি ব্যবস্থাপনা ও তত্ত্বাবধান;

- হিসাবরক্ষণ কর্মকর্তা এর ছুটিকালীন প্রতিভূ সহকারী ভূমি সংস্কার কমিশনার-১।

**(১২) আইটি কর্মকর্তাগণের দায়িত্ব ও কার্যাবলি:**

- (ক) ভূমি সংস্কার বোর্ডের কম্পিউটার ল্যাবসহ আইটি সামগ্রী ব্যবস্থাপনা;
- (খ) ওয়েবসাইট ও সার্ভার ব্যবস্থাপনা;
- (গ) ই-ফাইলিংসহ ই-সেবাসমূহে কারিগরি সহায়তা;
- (ঘ) ইন্টারনেটসহ বোর্ডের সকল আইটি সেট আপ রক্ষণাবেক্ষণ;
- (ঙ) আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান।

- সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ও সহকারী প্রোগ্রামার ছুটিকালীন একে অপরের প্রতিভূ।



## ২.৭ ভূমি সংস্কার বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) :

স্বল্প সেবা প্রদান নিশ্চিত করণার্থে ভূমি সংস্কার বোর্ড প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) নিম্নরূপ:

### ১। ভিশন ও মিশনঃ

ভিশন : দক্ষ, স্বচ্ছ এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা।

মিশন : ভূমি ব্যবস্থাপনা আধুনিক ও টেকসই প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনবান্ধব ভূমি সেবা নিশ্চিতকরণ।

### ২। সেবা প্রদান প্রতিশ্রুতি:

#### ২.১ নাগরিক সেবা

ক্রঃনং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল)
১	নাগরিকগণ কর্তৃক চাহিত ও প্রদানযোগ্য তথ্য উপাত্তসমূহ	নাগরিকের আবেদনের পরিপ্রেক্ষিতে সরাসরি/বিধি মোতাবেক আবেদনের মাধ্যমে	নাগরিকের আবেদন, ভূমি সংস্কার বোর্ডের সংরক্ষিত তথ্য/উপাত্ত। ভূমি সংস্কার বোর্ড	তথ্য অধিকার আইনের আওতায় ধারণকৃত মূল্য	সাধারণ ক্ষেত্রে ২০ (বিশ) দিন সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন, বিশেষ ক্ষেত্রে তথ্য অধিকার আইনের ৯(৪) ধারা মোতাবেক	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ও দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদানকারী কর্মকর্তা। ফোন: ০২-৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd

#### ২.২ প্রাতিষ্ঠানিক সেবা

ক্রঃনং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল)
১	ভূমি সংস্কার বোর্ড ও বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের বাজেট ছাড়করণ	অনলাইন বাজেট ব্যবস্থাপনা এবং ডাকযোগে প্রেরণ	ভূমি সংস্কার বোর্ড ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয় হতে প্রাপ্ত চাহিদাপত্র	বিনামূল্যে	বাজেট প্রাপ্তির ৭ (দিনের) মধ্যে	জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার ও হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ফোন- ০২৮১৭০১৫৫ ই-মেইল <a href="mailto:alrc4@lrb.gov.bd">alrc4@lrb.gov.bd</a>
২	বোর্ড ও বিভাগীয় কার্যালয়ের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	পত্র যোগাযোগের মাধ্যমে	ভূমি সংস্কার বোর্ড ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয় হতে প্রাপ্ত অডিট আপত্তি ও জবাব	বিনামূল্যে	পত্র প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে	জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার ও হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ফোন- ০২৮১৭০১৫৫ ই-মেইল <a href="mailto:alrc4@lrb.gov.bd">alrc4@lrb.gov.bd</a>

ক্রঃনং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল)
৩	সকল প্রকার বিল প্রস্তুতকরণ ও চেক/অর্থ প্রদান সংক্রান্ত বিষয়াদি	পত্র যোগাযোগের মাধ্যমে	ভূমি সংস্কার বোর্ড ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয় হতে প্রাপ্ত চাহিদাপত্র	বিনামূল্যে	কাগজপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিন	জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার ও হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ফোন- ০২৮১৭০১৫৫ ই-মেইল <a href="mailto:alrc4@lrb.gov.bd">alrc4@lrb.gov.bd</a>
৪	জেলা, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসের বাজেট প্রণয়ন ও ব্যয় নিয়ন্ত্রণ	অনলাইন বাজেট ব্যবস্থাপনা এবং সরাসরি ডাকযোগে প্রেরণ	সংশ্লিষ্ট অফিস হতে চাহিদাপত্র এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০১ (এক) মাস	জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ ফোন- ০২৮১৭০১৫৫ ই-মেইল <a href="mailto:alrc4@lrb.gov.bd">alrc4@lrb.gov.bd</a>
৫	বাজেট প্রস্তুতকরণ, বাজেট উপোযাজন ও পুন: উপোযাজন	অনলাইন বাজেট ব্যবস্থাপনা এবং সরাসরি ডাকযোগে প্রেরণ	সংশ্লিষ্ট অফিস হতে চাহিদাপত্র এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	বাজেট প্রাপ্তির ২ (দুই) মাসের মধ্যে	জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ ফোন- ০২৮১৭০১৫৫ ই-মেইল <a href="mailto:alrc4@lrb.gov.bd">alrc4@lrb.gov.bd</a>
৬	জেলা হতে ইউনিয়ন অফিস পর্যায়ের সকল ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত বিষয়াদি তদারকি করা	পত্র যোগাযোগের মাধ্যমে	---	বিনামূল্যে	অডিট আপত্তি প্রাপ্তির পর ০৩ (তিন) সপ্তাহ	জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ ফোন- ০২৮১৭০১৫৫ ই-মেইল <a href="mailto:alrc4@lrb.gov.bd">alrc4@lrb.gov.bd</a>
৭	বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের পরিদর্শন ও কর্ম-তৎপরতা পরিবীক্ষণ করা	পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রাপ্ত ত্রুটি বিদ্যুতি সম্পর্কে সংশ্লিষ্টদেরকে পত্র মারফত অবহিতকরণ	পরিদর্শন প্রতিবেদন ও কর্ম-তৎপরতার ছক এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০৩ (তিন) সপ্তাহ	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল <a href="mailto:alrc1@lrb.gov.bd">alrc1@lrb.gov.bd</a>
৮	সকল জেলার জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গণের পরিদর্শন ও কর্ম-তৎপরতা পরিবীক্ষণ করা	পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রাপ্ত ত্রুটি বিদ্যুতি সম্পর্কে সংশ্লিষ্টদেরকে পত্র মারফত অবহিতকরণ	পরিদর্শন প্রতিবেদন ও কর্ম-তৎপরতার ছক এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০৩ (তিন) সপ্তাহ	(১) জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ ফোন- ০২৮১৭০১৫৫ ই-মেইল <a href="mailto:alrc4@lrb.gov.bd">alrc4@lrb.gov.bd</a> (রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগ)। (২) জনাব পংকজ চন্দ্র দেবনাথ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ (চট্টগ্রাম ও সিলেট বিভাগ) ফোন- ০২৮১৭০১৫৬ ই-মেইল <a href="mailto:alrc5@lrb.gov.bd">alrc5@lrb.gov.bd</a> (৩) জনাব মোঃ ইকবাল হোসেন সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬ (ঢাকা, বরিশাল ও ময়মনসিংহ বিভাগ) ফোন- ০২৮১৭০১৫৭ ই-মেইল <a href="mailto:alrc6@lrb.gov.bd">alrc6@lrb.gov.bd</a>
৯	ভূমি ব্যবস্থাপনার মাঠ প্রশাসন সংক্রান্ত বিভিন্ন অভিযোগের তদন্ত করা	প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে গৃহীত কার্যক্রম সরাসরি এবং ডাকযোগে/অনলাইনে অবহিতকরণের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ	অনলাইনে/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০১ (এক) মাস	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল <a href="mailto:alrc1@lrb.gov.bd">alrc1@lrb.gov.bd</a>

ক্রঃনং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল)
১০	সংসদীয় স্থায়ী কমিটি, মন্ত্রিপরিষদ বিভাগ ইত্যাদি স্থানে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রেরণ	সরাসরি, ডাক ও ই-মেইলের মাধ্যমে	অধিযাচন পত্র/প্রদত্ত নির্দেশনা এবং ভূমি সংস্কার বোর্ড	মূল্য প্রযোজ্য নয়	০১ (এক) সপ্তাহ	জনাব পংকজ চন্দ্র দেবনাথ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ ফোন- ০২৮১৭০১৫৬ ই-মেইল alrc5@lrb.gov.bd
১১	ভূমি সংস্কার বোর্ড কার্যালয়ের কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদনের উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	সরাসরি, ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে	দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন ভূমি সংস্কার বোর্ড	মূল্য প্রযোজ্য নয়	০১ (এক) সপ্তাহ	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd
১২	ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ, আদায় ও বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয় ভিত্তিক বিভিন্ন সংস্থার বকেয়া দাবি নির্ধারণ সহ আদায়ের পদক্ষেপ গ্রহণ এবং ভূমি উন্নয়ন কর আদায় সংক্রান্ত মাসিক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয় সহ অন্যান্য মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তরে প্রেরণ। নামজারি, রেন্ট সার্টিফিকেট কেসের মাসিক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ। সকল প্রকার কোর্ট কেস সংক্রান্ত বিষয়াদি	সরাসরি, ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে	রিপোর্ট ও রিটার্ন এবং ভূমি সংস্কার বোর্ড	মূল্য প্রযোজ্য নয়	০২ (দুই) সপ্তাহ	জনাব পংকজ চন্দ্র দেবনাথ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ ফোন- ০২৮১৭০১৫৬ ই-মেইল alrc5@lrb.gov.bd
১৩	জেলা ও উপজেলা পর্যায়ে ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী যারা ভূমি মন্ত্রণালয়-কর্তৃক নিয়োগকৃত তাদের আন্তঃবিভাগ বদলি এবং অন্যান্য প্রশাসনিক কার্যক্রম (নিয়োগ ও পদোন্নতি ব্যতীত)	অফিস আদেশ/প্রজ্ঞাপন	আবেদনপত্র ও যথাযথ কর্তৃপক্ষের ফরোয়ার্ডিং	বিনামূল্যে	০২ (দুই) সপ্তাহ	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd
১৪	সিলিং-বহির্ভূত জমি চিহ্নিতকরণ, সরকারের নিয়ন্ত্রণ আনয়ন ও বাজেয়াপ্তকরণ। বর্গা-সংক্রান্ত বিধি-বিধান বাস্তবায়ন।	অফিস স্মারক	প্রতিবেদন	বিনামূল্যে	২ মাস	জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ ফোন- ০২৮১৭০১৫৩ ই-মেইল alrc3@lrb.gov.bd
১৫	জেলা ও উপজেলা পর্যায়ের রেকর্ড রুম স্থাপন, তদারকি ও পরিদর্শন এবং এগুলোর সংরক্ষণ/মেরামত-সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ।	অফিস স্মারক, প্রতিবেদন	যথাযথ কর্তৃপক্ষের অধিযাচন	বিনামূল্যে	১ মাস	জনাব সাবরিনা সুলতানা সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ ফোন- ০২৮১৭০১৫৫ ই-মেইল alrc4@lrb.gov.bd
১৬	মন্ত্রণালয়ের নির্দেশ ও নিয়ন্ত্রণে অর্পিত/অনাবাসি ও পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনা ও তদারকী, সংশ্লিষ্ট কর্মচারীদের নিয়ন্ত্রণ, সামগ্রিক ব্যবস্থাপনা ও তদারকি এবং ষাণ্মাসিক/বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ	অফিস স্মারক	প্রতিবেদন, অধিযাচন	বিনামূল্যে	১ মাস	জনাব পংকজ চন্দ্র দেবনাথ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ ফোন- ০২৮১৭০১৫৬ ই-মেইল alrc5@lrb.gov.bd
১৭	কৃষি খাস জমি চিহ্নিতকরণ, নীতিমালা অনুযায়ী ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বণ্টন, ব্যবস্থাপনা ও বেদখলকৃত খাসজমি উদ্ধার; খাস পুকুর ও বেদখলকৃত খাস জলাশয় উদ্ধার ও ব্যবস্থাপনা; জলমহাল সংস্কারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসংলগ্ন কাছারির পুকুর সংস্কার; আন্তঃবিভাগীয় বন্ধ জলমহালের ইজারা প্রদান।	অফিস স্মারক	প্রতিবেদন, অধিযাচন	বিনামূল্যে	১ মাস	জনাব মোঃ ইকবাল হোসেন সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬ ফোন- ০২৮১৭০১৫৭ ই-মেইল alrc6@lrb.gov.bd

২.৩ অভ্যন্তরীণ সেবা:

ক্রঃনং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল)
০১	ভূমি সংস্কার বোর্ডের সকল কর্মচারীদের নিয়োগ/বদলি/ পদোন্নতি/শূন্য পদ ঘোষণা/ পদ সৃষ্টি	অফিস আদেশ/স্মারক	বিধি-বিধান মোতাবেক এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০১ (এক) মাস	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd
০২	বোর্ডের সকল প্রকার অগ্রিম মঞ্জুরের প্রশাসনিক নিয়ন্ত্রকের দায়িত্ব পালন	সরকারি পত্র	বিধি-বিধান মোতাবেক এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০৭ (সাত) দিন	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd
০৩	সকল শ্রেণির কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগ, স্থায়ীকরণ, দক্ষতাসীমা অতিক্রম, পিআরএল মঞ্জুর, বেতন সমতা, পূর্ণ চাকরি গণনা, শোক প্রস্তাব গ্রহণ, জ্যেষ্ঠতা নির্ধারণ, নিয়োগ বিধি তৈরী ও সার্ভিস বুক সংরক্ষণ	অফিস আদেশ/স্মারক	বিধি-বিধান মোতাবেক এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	১০ (দশ) দিন	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd
০৪	অত্র বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীদের ছুটি, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি, প্রসূতি ছুটি, বহিঃ বাংলাদেশ ছুটি গ্রহণে ব্যবস্থা গ্রহণ ও বিভিন্ন আদালতে সরকারি সাক্ষী হিসেবে সাক্ষ্য প্রদানের নিমিত্ত ব্যবস্থা গ্রহণ	অফিস আদেশ/স্মারক	বিধি-বিধান মোতাবেক এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০৭ (সাত) দিন	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd
০৫	বোর্ডের সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীর শৃংখলা বিষয়ক ব্যবস্থা গ্রহণ, অনীত অভিযোগ সমূহের তদন্ত, তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ, অভিযোগ নামা, অভিযোগ বিবরণী তৈরি, বিভিন্ন আদালত হতে প্রেরিত সমন / আদেশ এর উপর ব্যবস্থা গ্রহণ, মামলার দফাওয়ারী জবাব প্রণয়ন এর ব্যবস্থা গ্রহণ	অফিস আদেশ/স্মারক	বিধি-বিধান মোতাবেক এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০৭ (সাত) দিন	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd
০৬	বোর্ডের সকল শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীর In-House ও On-the-Job ট্রেনিং এর ব্যবস্থাকরণ, প্রশিক্ষণ কর্ম - পরিকল্পনা প্রণয়ন ও বিশেষ ট্রেনিং মডিউল প্রস্তুতকরণ, প্রশিক্ষণ কর্মসূচী সমন্বয় ও বাস্তবায়নের ব্যবস্থা নেয়া, সার্টিফিকেট প্রদান, প্রশিক্ষণ সংক্রান্ত সকল রেকর্ড সংরক্ষণ	সরাসরি স্বশরীরে উপস্থিতির মাধ্যমে	প্রশিক্ষণ মডিউল, অধিবেশন সূচি, সনদ ইত্যাদি এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	০৩ (তিন) সপ্তাহ	মোঃ ইকবাল হোসেন সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬ ফোন- ০২৮১৭০১৫৭ ই-মেইল alrc6@lrb.gov.bd
০৭	কেন্দ্রীয়ভাবে ভূমি সংস্কার বোর্ডের পত্র গ্রহণ ও জারির ব্যবস্থাপনা, স্টাফ হাজিরা, সাধারণ প্রশাসন পরিচালনা	সরাসরি, ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে	অধিযাচন এবং ভূমি সংস্কার বোর্ড	বিনামূল্যে	দৈনন্দিন	জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ফোন- ০২৮১৭০১৫২ ই-মেইল alrc1@lrb.gov.bd
০৮	কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের নথি শাখায় ফেরত প্রাপ্তির পর আদেশ/পত্র জারিকরণ	অফিস আদেশ/স্মারক ইত্যাদির মাধ্যমে	প্রাপ্ত নির্দেশনা	বিনামূল্যে	০১ (এক) দিন	শাখা কর্মকর্তাগণ

ক্রঃনং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল)
